

# জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর



জেলা ও উপজেলা পর্যায়ে অফিসের  
**সেবা প্রোফাইল**  
District & Upazila Level Offices'  
**Service Profile**



# জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

জেলা ও উপজেলা পর্যায়ে অফিসের  
সেবা প্রোফাইল

District & Upazila Level Offices'  
Service Profile

মন্ত্রিপরিষদ বিভাগ  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়

দপ্তর/সংস্থার নাম : জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
জেলা অফিসের নাম : নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
উপজেলা অফিসের নাম : সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়



# জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

জেলা ও উপজেলা পর্যায়ের অফিসের

## সেবা প্রোফাইল

স্বত্ব © ২০১৫

মন্ত্রিপরিষদ বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং এটুআই

### প্রথম প্রকাশ:

জুন, ২০১৫

### প্রকাশনা:

মন্ত্রিপরিষদ বিভাগ  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়

### তত্ত্বাবধান:

মোঃ নজরুল ইসলাম, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ  
প্রকৌশলী মোঃ নুরুজ্জামান, প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা  
কবির বিন আনোয়ার, প্রকল্প পরিচালক, এটুআই ও মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়

### পরিকল্পনা ও গবেষণা:

মোহাম্মদ লুৎফুর রহমান, ডোমেইন স্পেশালিস্ট, এটুআই

### প্রণয়ন:

মোঃ শামসুল হক ভূঁইয়া, নির্বাহী প্রকৌশলী (SIR Division), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা  
খান মোঃ গোলাম রাব্বানী, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল রাজশাহী বিভাগ, রাজশাহী  
মোঃ আব্দুল্লাহিল কাফি, উপ-সহকারী প্রকৌশলী, গ্রাউন্ড ওয়াটার ডিভিশন (ট্রেনিংসংক্রান্ত), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা  
মোঃ আতিকুল ইসলাম, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নান্দাইল উপজেলা, ময়মনসিংহ  
খন্দকার এ এইচ মাহমুদ, সহকারী প্রোগ্রামার, এমআইএস ইউনিট, পরিকল্পনা সার্কেল, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা  
মোঃ বাদশা মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বিশেষ গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প, ঢাকা

### সম্পাদনা:

আনীর চৌধুরী, পলিসি অ্যাডভাইজার, এটুআই  
ড. মোঃ আব্দুল মান্নান, পরিচালক, এটুআই  
মোহাম্মদ লুৎফুর রহমান, ডোমেইন স্পেশালিস্ট, এটুআই  
মোহাম্মদ হোসেন সরকার, কনসালটেন্ট, এটুআই  
মোঃ ফিরোজ কবীর, কনসালটেন্ট, এটুআই  
মোঃ মামুন কবীর, উপজেলা সমবায় অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়

### সহযোগিতা:

কে এ এম মোর্শেদ, অ্যাসিস্ট্যান্ট কান্ট্রি ডিরেক্টর, ইউএনডিপি  
আফতাব আহমদ, প্রোগ্রাম অ্যানালিস্ট, ইউএনডিপি  
মিজানুর রহমান, এডমিন স্পেশালিস্ট, এটুআই  
নাঈমুজ্জামান মুক্তা, জনপ্রেক্ষিত বিশেষজ্ঞ, এটুআই  
ফরহাদ জাহিদ শেখ, আইটি ম্যানেজার, এটুআই  
জোবায়ের আলম, প্রকল্প সহকারী, এটুআই  
ফারাবি তারানুম, প্রকল্প সহকারী, এটুআই

### প্রচ্ছদ পরিকল্পনা ও সমন্বয়:

এরশাদুল হামিদ পাভেল, কমিউনিকেশন এসোসিয়েট  
এবং কমিউনিকেশন অ্যান্ড পার্টনারশীপ টিম, এটুআই

### ডিজাইন ও মুদ্রণ:

রিয়েল প্রিন্টিং অ্যান্ড অ্যাডভারটাইজিং  
কে আর প্লাজা, ৩১ পুরানা পল্টন, ফোন: ০২-৯৫১৩২৪৮



## মুখবন্ধ

সেবাপ্রত্যাশী নাগরিকদের চাহিদা পূরণের লক্ষ্যে ২০০০ সালে জনপ্রশাসন সংস্কার কমিশন (Public Administration Reform Commission-PARC) সরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহে নাগরিক সনদ প্রণয়ন ও বাস্তবায়নের সুপারিশ করে। নাগরিক সনদ প্রবর্তনের অন্যতম প্রধান উদ্দেশ্য ছিল সেবাগ্রহীতাদেরকে প্রাপ্য সেবা সম্পর্কে অবহিত করা। সেবা গ্রহণের ক্ষেত্রে সরকারি সেবাপ্রাপ্তির সময়, ব্যয় এবং সেবা প্রদানকারী অফিসে সেবাগ্রহীতার গমন সংখ্যা (Time, Cost & Visit-TCV) গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। সচিবালয় নির্দেশমালা, ২০১৪-তে তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নাগরিকবান্ধব সেবা প্রদানের ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে। উক্ত নির্দেশমালায় সেবা পদ্ধতি সহজিকরণ (Service Process Simplification-SPS) অন্তর্ভুক্ত করা হয়েছে, যা সেবার মানোন্নয়নে সরকারি কর্মকর্তাদেরকে উদ্বুদ্ধ করবে।

সুশাসনের অন্যতম পূর্বশর্ত হচ্ছে সরকারি প্রতিষ্ঠানগুলোকে সেবা প্রদানে সক্ষম ও গতিশীল করা এবং তাদের দায়বদ্ধতা নিশ্চিত করা। তথ্য অধিকার আইন, ২০০৯ কার্যকর হওয়ার পর সরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সেবা সম্পর্কিত তথ্য প্রদানের বাধ্যবাধকতার সৃষ্টি হয়েছে। এসব বিবেচনায় জনসম্মতি অর্জনের লক্ষ্যে সরকারি দপ্তরের সেবাসমূহের বিস্তারিত তথ্যাবলি একই স্থানে (Single Access Point) সন্নিবেশ ও বিশ্লেষণ করার জন্য 'সেবা প্রোফাইল' প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। এই প্রোফাইলে প্রতিটি সরকারি দপ্তরের পরিচিতি, কার্যপরিধি, সাংগঠনিক কাঠামো, সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানের সময়, সেবাপ্রাপ্তির স্থান, সেবা পেতে প্রয়োজনীয় কাগজপত্র, সেবা প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আনুষঙ্গিক খরচ, সেবা প্রদান সম্পর্কিত বিধিবিধান এবং সেবা না পেলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা সম্পর্কে বিস্তারিত তথ্য সংযোজন করা হয়েছে, যা সরকারি সেবা তথ্য সরবরাহের ক্ষেত্রে একটি মাইলফলক।

এ সেবা প্রোফাইল প্রণয়নের সঙ্গে সম্পৃক্ত মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং এটুআই প্রোগ্রামের সকল কর্মকর্তাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এই বইটি সরকারি সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের ধারণাকে আরও স্বচ্ছ করবে এবং সেবা পদ্ধতি সহজ করতে তাদেরকে উদ্বুদ্ধ করবে। সবচেয়ে বড় কথা, সেবাগ্রহীতাগণের জন্য বইটি বিশেষ উপকারে আসবে বলে আমি বিশ্বাস করি।

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা  
মন্ত্রিপরিষদ সচিব







## ভূমিকা

বিশ্বায়নের এ যুগে অপরাপর দেশের সাথে তাল মিলিয়ে প্রত্যাশিত মানের সেবা প্রদানের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ। জনসেবা নিশ্চিতকরণের মাধ্যমে জনসম্ভৃতি বিধান এবং নাগরিক সেবার প্রতিশ্রুতিস্বরূপ বর্তমান সরকার ২০০৯ সাল থেকে সরকারি অফিসসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) প্রণয়ন এবং এর বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করে। এছাড়া, সরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সেবা সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য প্রদানের বাধ্যবাধকতা সৃষ্টির লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ কার্যকর করা হয়। মে, ২০১৪ সালে তথ্য কমিশন কর্তৃক স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা জারি করা হয়েছে। উল্লিখিত উদ্যোগসমূহ জনগণের কাছে সরকারি প্রতিষ্ঠানসমূহের জবাবদিহিতা এবং স্বচ্ছতা প্রতিষ্ঠার পাশাপাশি সেবার মান উন্নীতকরণে ইতোমধ্যেই অবদান রাখতে শুরু করেছে।

রূপকল্প-২০২১ এর লক্ষ্যসমূহ অর্জনে একটি দক্ষ এবং জনবান্ধব প্রশাসনের বিকল্প নেই। এ কথা অনস্বীকার্য যে, তথ্য-প্রযুক্তির উৎকর্ষতা এবং আধুনিক প্রশিক্ষণের ফলে সরকারি দপ্তরে কাজের দক্ষতা এবং পরিধি বৃদ্ধি পেয়েছে, আবার শিক্ষায় প্রাথমিক ও জনসচেতনতা বৃদ্ধির সাথে জনপ্রত্যাশাও ক্রমান্বয়ে বেড়ে চলেছে। সরকারি বিভিন্ন সেবা প্রদানের ক্ষেত্রে বর্তমানে বিজ্ঞানভিত্তিক পদ্ধতি প্রয়োগের মাধ্যমে অহেতুক কালক্ষেপণ এবং কাজের জটিলতা হ্রাসে বিভিন্নমুখী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সরকারি কাজে তথ্য-প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি এবং দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ জারি করা হয়েছে। সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ২৫৯-২৬২ নং নির্দেশনায় যথাক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি, সেবা পদ্ধতি সহজিকরণ (Service Process Simplification), সেবা-ডেস্ক (Help Desk) স্থাপন এবং নাগরিক মতামত ব্যবস্থাপনার বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

কম খরচে, দ্রুত জনগণের দোরগোড়ায় সেবাসমূহ পৌঁছে দিতে প্রচলিত নাগরিক সেবা প্রদান পদ্ধতি সহজিকরণ প্রয়োজন। সহজ ও জনবান্ধব সেবা পদ্ধতি চালু করতে হলে বিদ্যমান পদ্ধতির ধাপগুলোর অনুপূজ্য বিশ্লেষণ জরুরি। এই বিশ্লেষণের মাধ্যমে প্রতিটি সেবার বাস্তব সমস্যা, প্রতিবন্ধকতা, পশ্চাৎগতি, পদ্ধতিগত শূন্যতা নির্ণয় করা যায়, যা সেবার মান উন্নয়নে কার্যকর ভূমিকা রাখতে পারে।

সেবা প্রদানে অধিকতর সম্পৃক্ততা বিবেচনায় উপজেলা পর্যায়ে দপ্তর রয়েছে এরূপ ২২টি অধিদপ্তর/সংস্থা এবং জেলা পর্যায়ে দপ্তর রয়েছে এরূপ ১৪টি অধিদপ্তর/সংস্থার সেবা প্রোফাইল প্রণয়ন প্রথম পর্যায়ে বিবেচনায় নেওয়া হয়েছে। সেবা প্রোফাইলে কোনো নির্দিষ্ট সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানে প্রয়োজনীয় সময় ও কাগজপত্র, সেবাপ্রাপ্তির স্থান, সেবা প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সেবা গ্রহণের আনুষঙ্গিক খরচ, সেবাসংশ্লিষ্ট বিধিবিধান এবং সেবা পেতে ব্যর্থ হলে কার কাছে প্রতিকার পাওয়া যাবে ইত্যাদি সম্পর্কে বিস্তারিত তথ্য রয়েছে। সেবা প্রোফাইল প্রণয়নে সংশ্লিষ্ট দপ্তরের বিশেষজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে পরিকল্পনা প্রণয়ন, তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ এবং সেমিনার, কর্মশালা ও মুখোমুখি আলোচনার মাধ্যমে পরামর্শ গ্রহণ করা হয়েছে। পরবর্তীতে প্রণীত 'খসড়া সেবা প্রোফাইল' টি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পরামর্শ ও মতামতের ভিত্তিতে চূড়ান্ত করা হয়েছে।

যাঁদের অক্লান্ত পরিশ্রম, নিষ্ঠা এবং আন্তরিকতার ফলে এই সেবা প্রোফাইল প্রণীত এবং প্রকাশিত হতে যাচ্ছে তাঁরা সবাই প্রশংসার দাবিদার। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তরের বিষয় বিশেষজ্ঞ ও ইনোভেশন টিমের সদস্যগণের আন্তরিক সহযোগিতা ছাড়া এই প্রোফাইল প্রণয়ন দুঃসাধ্য ছিল। এই প্রোফাইল প্রণয়নে মন্ত্রিপরিষদ বিভাগ, ইউএনডিপি এবং ইউএসএইড'র কর্মকর্তাগণ মূল্যবান পরামর্শ ও সক্রিয় সহযোগিতা প্রদান করেছেন। এই সেবা প্রোফাইল তৈরিতে এটুআই প্রোগ্রামের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিরলসভাবে কাজ করেছেন, যার ফলে বাংলা ভাষায় প্রথমবারের মতো এ ধরনের পুস্তক প্রকাশিত হতে যাচ্ছে। যাঁরা বিভিন্ন সেমিনার, কর্মশালা এবং আলোচনায় মতামত দিয়ে এ পুস্তককে সমৃদ্ধ করেছেন তাঁদের প্রতিও কৃতজ্ঞতা রইল। এই সেবা প্রোফাইলে কোনো ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে বা কোনো পরামর্শ থাকলে তা [sps@a2i.pmo.gov.bd](mailto:sps@a2i.pmo.gov.bd) ঠিকানায় ই-মেইল করার জন্য অনুরোধ করছি।

মোঃ আবুল কালাম আজাদ

মুখ্য সচিব

প্রধানমন্ত্রীর কার্যালয় ও সভাপতি

প্রজেক্ট স্টিয়ারিং কমিটি, এটুআই







## সেবা প্রোফাইল: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া অধিকতর জনবান্ধব এবং সহজলভ্য করার জন্য সরকারি সেবার উদ্ভাবনকে বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে। জনপ্রত্যাশা পূরণের লক্ষ্যে সরকারের নতুন নীতিনির্ধারণী পদক্ষেপের ধারাবাহিকতায় সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এ সেবা প্রদানের প্রতিশ্রুতি এবং সেবা পদ্ধতি সহজিকরণের (Service Process Simplification-SPS) বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। এ লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও এটুআই প্রোগ্রামের যৌথ উদ্যোগে জেলা ও উপজেলা পর্যায়ে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের 'সেবা প্রোফাইল' বই আকারে প্রকাশিত হচ্ছে জেনে আমি খুবই আনন্দিত।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দেশের গ্রামীণ এবং শহর এলাকার আপামর জনসাধারণের জন্য আর্সেনিকমুক্ত, নিরাপদ সুপেয় পানি এবং স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা চালু করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। এছাড়া, বিভিন্ন দুর্যোগ ও জরুরি পরিস্থিতিতে নিরাপদ পানি সরবরাহ, খাবার পানির গুণগতমান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ এবং পয়ঃনিষ্কাশন সেবা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর থেকে সাধারণ জনগণ গ্রহণ করে থাকে।

আমি জানতে পেরেছি যে, এ সেবা প্রোফাইল বইটিতে জনস্বাস্থ্য সেবাপ্রদান সংশ্লিষ্ট প্রায় সকল তথ্য (সেবা প্রদান পদ্ধতি, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী, সেবাপ্রাপ্তির স্থান, সময় ও খরচ, সেবাপ্রাপ্তির শর্তাবলি, প্রয়োজনীয় কাগজপত্র, সংশ্লিষ্ট আইন-কানুন, বিধি-বিধান এবং সেবা পেতে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা ইত্যাদি) বর্ণনা করা আছে।

এ সেবা প্রোফাইলটি সকল নাগরিক তথা সাধারণ সেবাপ্রার্থী ও সংশ্লিষ্টদের উপকারে আসবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

মনজুর হোসেন  
সিনিয়র সচিব  
স্থানীয় সরকার বিভাগ  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার





Empowered lives.  
Resilient nations.

## Message

The Government of Bangladesh has undertaken various initiatives to link its citizens with public services, reducing the time and cost associated with accessing services and increasing the effectiveness and efficiency of public service delivery.

This Service Profile book aims to apprise citizens of the services being provided from public offices. It has been designed entirely with the citizen in mind, providing a single point for service information and further simplifying the process of accessing public services. The Service Profile explains in detail the relevant laws, the administrative process, the cost and the time required to avail public services currently being offered across 36 Directorates. Additionally, it provides practical information on service providing departments, including the scope of service that citizens can expect, the steps to obtaining a service, and the relevant contact information. It integrates the recent opportunities being offered through Information Communication Technology, including the provision of online and mobile e-services. By providing this Service Profile, the government is further empowering its citizens to initiate and accelerate the process of accessing the information and services available to them.

The Government of Bangladesh can be proud of its recent achievements in enhancing public service delivery to its citizens. A number of regional and global counterparts have expressed their desire to learn of the information-led developments occurring in Bangladesh. I am pleased with the support the Access to Information (A2I) project has provided, and this first ever Service Profile book is a testament to the tireless efforts of our government counterparts and project staff. I thank our partners for their ongoing commitment, particularly the US Agency for International Development.

I am sure this Service Profile book will facilitate local government in effectively responding to the demand of citizens and in the ongoing strengthening of public service delivery and reform of public administration.

**Pauline Tamesis**

Country Director  
UNDP-Bangladesh





## সূচিপত্র

### অধ্যায়-১

১. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর- প্রোফাইল	২
১.১ একনজরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	২
১.২ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর- পরিচিতি	২
১.৩ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর- অর্গানোগ্রাম	৩
১.৪ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর- কার্যপরিধি	৪
১.৫ একনজরে বিভাগীয় অফিস	৫
১.৬ বিভাগীয় অফিসের অর্গানোগ্রাম	৫
১.৭ একনজরে জেলা অফিস	৬
১.৮ জেলা অফিসের অর্গানোগ্রাম	৬
১.৯ একনজরে উপজেলা অফিস	৭
১.১০ উপজেলা অফিসের অর্গানোগ্রাম	৭

### অধ্যায়-২

২. নাগরিক-সেবার তথ্যাবলি	১০
২.১ নাগরিক- সেবার তালিকা (জেলা/উপজেলা পর্যায়)	১০
২.২ নাগরিক- সেবার তথ্য সারণি	১১

### অধ্যায়-৩

৩. নাগরিক- সেবার বিবরণ-সংবলিত প্রোফাইল ও প্রসেস ম্যাপ	১৬
৩.১ সেবার নাম: নিরাপদ পানির উৎস স্থাপন	১৬
৩.১.১ সেবার প্রোফাইল	১৬
৩.১.২ প্রসেস ম্যাপ	১৭
৩.২ সেবার নাম: পানির গুণগতমান পরীক্ষা	১৮
৩.২.১ সেবার প্রোফাইল	১৮
৩.২.২ প্রসেস ম্যাপ	১৯
৩.৩ সেবার নাম: স্যানিটেশন সামগ্রী বিনামূল্যে বিতরণ	২০
৩.৩.১ সেবার প্রোফাইল	২০
৩.৩.২ প্রসেস ম্যাপ	২১
৩.৪ সেবার নাম: নলকূপ মেরামতকরণ	২২
৩.৪.১ সেবা প্রোফাইল	২২
৩.৪.২ প্রসেস ম্যাপ	২৩
৩.৫ সেবার নাম: স্যানিটেশন সামগ্রী (রিং-স্ল্যাব) বিক্রয়	২৪
৩.৫.১ সেবা প্রোফাইল	২৪
৩.৫.২ প্রসেস ম্যাপ	২৫
৩.৬ সেবার নাম: আপদকালীন সেবা	২৬
৩.৬.১ সেবা প্রোফাইল	২৬
৩.৬.২ প্রসেস ম্যাপ	২৭
৩.৭ সেবার নাম: প্রশিক্ষণ	২৮
৩.৭.১ সেবার প্রোফাইল	২৮
৩.৭.২ প্রসেস ম্যাপ	২৯

### Acronyms and Abbreviations

সেবা প্রোফাইল বুকের তালিকা	৩০
----------------------------	----







জনগণের দোরগোড়ায় সেবা  
Service @ Doorsteps

# অধ্যায় ১

## জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর: প্রোফাইল

- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পরিচিতি
- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যপরিধি
- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো

## ১. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর- প্রোফাইল


১.১ একনজরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর					
প্রতিষ্ঠানের নাম	বাংলা	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর			
	ইংরেজি	Department of Public Health Engineering			
	সংক্ষিপ্ত	DPHE			
অফিস প্রধানের পদবি	প্রধান প্রকৌশলী	তদারকি মন্ত্রণালয়	স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়		
যোগাযোগের তথ্যাবলি	গুগল ম্যাপ কোড	বিভাগীয় অফিস সংখ্যা	জেলা অফিস সংখ্যা	উপজেলা অফিস সংখ্যা	জনবল (সমগ্র দেশ)
	<a href="http://goo.gl/maps/t57xl">http://goo.gl/maps/t57xl</a>	১৪	৬৪	৪৮৩	১০,৭৪৬
	ঠিকানা	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি কাকরাইল, ঢাকা-১০০০ www.dphe.gov.bd www.bangladesh.gov.bd	ফোন নং	+৮৮০-২-৯৩৪৩৩৫৮	
			ফ্যাক্স নং	+৮৮০-২-৯৩৪৩৩৭৫	
		ই-মেইল	ce@dphe.gov.bd		

### ১.২ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর-পরিচিতি

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সংক্ষেপে ডিপিএইচই) ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী শহর (যেখানে ওয়াসা কাজ করে) ব্যতীত দেশের সর্বত্র পানীয় জল সরবরাহ এবং বর্জ্য-ব্যবস্থাপনা পরিচালনাকারী জাতীয় সংস্থা। ১৯৩৬ সালে প্রতিষ্ঠার পর থেকেই জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দেশের গ্রামীণ এবং শহর এলাকার আপামর জনসাধারণের জন্য সুপেয় পানি এবং স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা চালু করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। পরবর্তীতে ১৯৯৩ সালে দেশের বিভিন্ন এলাকার নলকূপে আর্সেনিকের উপস্থিতি চিহ্নিত হওয়ার পর আর্সেনিক আক্রান্ত এলাকায় নিরাপদ পানির অভাবঘটিত ক্ষতিকর প্রভাবসহ উদ্ভূত জনদুর্ভোগের অবসানের লক্ষ্যে উন্নয়ন সহযোগী সংস্থাগুলোকে সাথে নিয়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে আসছে। আর্সেনিক আক্রান্ত এলাকাসহ দেশের বিভিন্ন জায়গায় বিকল্প সুপেয় পানির উৎস অনুসন্ধানের ক্ষেত্রেও এই অধিদপ্তরটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তাছাড়া প্রাকৃতিক দুর্যোগ (যেমন: বন্যা, সিডর, আইলা প্রভৃতি) চলাকালীন এবং দুর্যোগ পরবর্তী সময়ে জরুরি ভিত্তিতে নিরাপদ পানি সরবরাহ এবং পয়ঃব্যবস্থাপনার ব্যবস্থা করে থাকে। একইভাবে মলমূত্র এবং অন্যান্য বর্জ্য ব্যবস্থাপনার জন্য এই অধিদপ্তর বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে একটি উন্নত পরিবেশ অর্জনে সচেষ্ট ভূমিকা পালন করে থাকে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর আওতায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক এ ধরনের সেবা সরবরাহের ক্ষেত্রে সার্বিক সহযোগিতা প্রদান করে থাকে। নিরাপদ পানি সরবরাহ এবং পয়ঃব্যবস্থাপনা উন্নয়নে সরকারের বিভিন্ন নীতি এবং কর্ম পরিকল্পনায় নীতিনির্ধারণী ভূমিকা ডিপিএইচই পালন করে থাকে। এছাড়াও, স্থানীয় সরকার বিভাগের বিভিন্ন প্রতিষ্ঠান (যেমন: পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ) কে পানি এবং পয়ঃব্যবস্থাপনা-সংক্রান্ত বিভিন্ন উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের কাজে অত্র অধিদপ্তরটি কারিগরি সহায়তা প্রদান করে থাকে।



১.৩ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর-অর্গানোগ্রাম




### ১.৪ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কার্যপরিধি

- পৌর এলাকায় পৌরসভাকে সম্পৃক্ত করে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে অবকাঠামো নির্মাণ ও কারিগরি সহায়তা প্রদান
- নিরাপদ পানির উৎস স্থাপন
- পানির গুণগত মান পরীক্ষা
- স্যানিটেশন সামগ্রী উৎপাদন, বিক্রয় ও বিনামূল্যে বিতরণ
- নলকূপ মেরামতকরণ
- নলকূপের খুচরা যন্ত্রাংশ বিক্রয়
- উদ্বুদ্ধকরণ
- আপদকালীন সেবা
- প্রশিক্ষণ প্রদান
- কারিগরি সহায়তা প্রদান
- ডিজিটাল পদ্ধতিতে পানির উৎস শনাক্তকরণের জন্য স্বতন্ত্র জিও কোড প্রদান ইত্যাদি।


১.৫ একনজরে বিভাগীয় অফিস		
নাম	বাংলা	তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
	ইংরেজি	Office of the Superintending Engineer
	সংক্ষিপ্ত	SE Office
অফিস সংখ্যা		১৪
অফিস প্রধানের পদবি		তত্ত্বাবধায়ক প্রকৌশলী
জনবল		১৪ জন

### ১.৬ বিভাগীয় অফিসের অর্গানোগ্রাম




১.৭ একনজরে জেলা অফিস		
নাম	বাংলা	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
	ইংরেজি	Office of the Executive Engineer
	সংক্ষিপ্ত	XEN office
অফিস সংখ্যা	৭২	
অফিস প্রধানের পদবি	নির্বাহী প্রকৌশলী	
জনবল	১৫ জন	

### ১.৮ জেলা অফিসের অর্গানোগ্রাম



১.৯ একনজরে উপজেলা অফিস		
নাম	বাংলা	সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়
	ইংরেজি	Office of the Assistant/Sub-Assistant Engineer
	সংক্ষিপ্ত	AE/SAE Office
অফিস সংখ্যা	৪৮৩	
অফিস প্রধানের পদবি	সহকারী/উপ-সহকারী প্রকৌশলী	
জনবল	১৩ জন	

### ১.১০ উপজেলা অফিসের অর্গানোগ্রাম









জনগণের দোরগোড়ায় সেবা  
Service @ Doorsteps

# অধ্যায় ২

## নাগরিক সেবার তথ্যাবলি

- নাগরিক- সেবার তালিকা
- নাগরিক- সেবার তথ্য সারণি/Citizen Service Information Map (CSIM)

## ২. নাগরিক সেবার তথ্যাবলি

### ২.১ নাগরিক সেবার তালিকা (জেলা/উপজেলা পর্যায়)

সেবা ক্রমিক নং	সেবার নাম	সেবার পর্যায় (জেলা/উপজেলা পর্যায়)
০১	নিরাপদ পানির উৎস স্থাপন	উপজেলা
০২	পানির গুণগতমান পরীক্ষা	উপজেলা/আঞ্চলিক পরীক্ষাগার
০৩	স্যানিটেশন সামগ্রী বিনামূল্যে বিতরণ	উপজেলা
০৪	নলকূপ মেরামতকরণ	উপজেলা
০৫	স্যানিটেশন সামগ্রী (রিং-স্ল্যাব) বিক্রয়	উপজেলা
০৬	আপদকালীন সেবা	উপজেলা
০৭	প্রশিক্ষণ	উপজেলা

২.২. নাগরিক-সেবার তথ্য সারণি								
ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/গ্যাজ/ আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে বর্ধ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ
১	সহকারী/ উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়	নিরাপদ পানির উৎস স্থাপন	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	জনগণকে উপজেলা চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যানের নিকট আবেদন করতে হয়। আবেদনগুলো সহকারী/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর নিকট প্রেরণ করা হয়। উপজেলা চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যানের মাধ্যমে প্রাপ্ত আবেদন সরজমিন পরিদর্শনপূর্বক খসড়া তালিকা প্রস্তুত করে ইউনিয়ন স্থান নির্বাচন কমিটির নিকট উপস্থাপন করা হয়। ইউনিয়ন স্থান নির্বাচন কমিটির অনুমোদনের পর উপজেলা ওয়াটশন কমিটিতে চূড়ান্ত অনুমোদনের পর সরকারি বরাদ্দ মোতাবেক চূড়ান্ত তালিকা ঠিকাদারের নিকট সরবরাহ করা হয়। সরবরাহকৃত তালিকা অনুযায়ী মালামাল সরবরাহ করে নলকূপ স্থাপনের কাজটি সম্পন্ন হয়।	কার্যদেয় প্রদানের ৩ মাসের মধ্যে	উপকারভোগী কর্তৃক প্রদত্ত সহায়ক চাঁদা ১. অগভীর নলকূপ- ১০০০/- ২. তারা নলকূপ- ১৫০০/- ৩. রিং ওয়েল-২০০০/- ৪. গভীর নলকূপ- ৪৫০০/- ৫. পিএসএফ-৩০০০/- ৬. এসএসটি- ১৫০০/- ** সহায়ক চাঁদার পরিমাণ মোট মূল্যের ২০% হবে মর্মে বিবেচনাবীন	১. জাতীয় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন নীতিমালা-১৯৯৮ ২. জাতীয় আর্সেনিক নিরসন নীতিমালা ও বাস্তবায়ন পরিকল্পনা (NAMIP- ২০০৪) ৩. Water Quality Standard for Bangladesh.	জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলী
২	সহকারী/ উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়	পানির গুণগতমান পরীক্ষা	সহকারী/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল)/সিনিয়র কেমিস্ট	পানির গুণগতমান পরীক্ষার জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বরাবর আবেদন করতে হয়। আবেদনপত্র প্রাপ্তির পর উপ-সহকারী প্রকৌশলী/নলকূপ মেকানিক কর্তৃক সরজমিন পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ করে আঞ্চলিক পরীক্ষা কেন্দ্রে প্রেরণ করা হয়। সেখানে নমুনা পরীক্ষা করে উপজেলাতে রিপোর্ট পাঠিয়ে দেওয়া হয়। উক্ত রিপোর্টটি আবেদনকারীকে প্রদান করা হয়।	আনুমানিক ১৭-২৩ দিন	ফিল্ড টেস্ট কিট বিনামূল্যে এবং ল্যাবরেটরি টেস্টের ক্ষেত্রে ৫০/- থেকে ১৫০০/- (প্রতি প্যারামিটারের জন্য) এবং ফি পরীক্ষা করা হবে তার ওপর নির্ভরশীল	১. জাতীয় আর্সেনিক নিরসন নীতিমালা ও বাস্তবায়ন পরিকল্পনা (NAMIP- ২০০৪) ২. Water Quality Standard for Bangladesh.	জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলী

২.২. নাগরিক-সেবার তথ্য সারণি									
ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাক্স/ আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে বর্ষ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ	
৩	সহকারী/ উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়	স্যানিটেশন সামগ্রী বিনামূল্যে বিতরণ	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	স্যানিটেশন সামগ্রী প্রাপ্তির জন্য উপজেলার জনগণ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের নিকট আবেদন করেন। উপজেলা চেয়ারম্যান প্রাপ্ত আবেদনগুলো সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর নিকট প্রেরণ করেন। বরাদ্দসাপেক্ষে ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রাপ্ত তালিকা মোতাবেক হত-দরিদ্রদের মাঝে স্যানিটেশন সামগ্রী বিনামূল্যে বিতরণ করা হয়।	আনুমানিক ৬০-৯০ দিন	বিনামূল্যে	১. জাতীয় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন নীতিমালা-১৯৯৮ ২. জাতীয় স্যানিটেশন কোশলপত্র- ২০০৫	জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলী	
৪	সহকারী/ উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়	নলকূপ মেরামতকরণ	নলকূপ মেকানিক	সরকারি নলকূপ মেরামতসংক্রান্ত অভিযোগ প্রাপ্তির পর সংশ্লিষ্ট নলকূপ মেকানিককে মেরামতের জন্য প্রেরণ এবং কারিগরি সহায়তা প্রদান। এক্ষেত্রে জনগণকে উপজেলা চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যানের নিকট আবেদন করতে হয়। আবেদনগুলো সহকারী/ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর নিকট প্রেরণ করা হয়। উপজেলা চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যানের মাধ্যমে প্রাপ্ত আবেদন অনুযায়ী মেকানিক মেরামতের জন্য সরাসরি নলকূপের নিকট চলে যান এবং মালামাল থাকাসাপেক্ষে নলকূপ মেরামতের ব্যবস্থা করেন।	আনুমানিক ৩০-৪৫ দিন কর্মদিবসের মাধ্যে	প্রয়োজনীয় যন্ত্রাংশ ক্রয় করে দেওয়া/যন্ত্রাংশের মূল্য পরিশোধ করতে হবে।	জাতীয় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন নীতিমালা-১৯৯৮	সহকারী/ উপ-সহকারী প্রকৌশলী	
৫	সহকারী/ উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়	স্যানিটেশন সামগ্রী (রিং-স্ল্যাব) বিক্রয়	অফিস সহকারী/ক্লার্ক কাম টাইপিষ্ট (সিসিটি)	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরে গিয়ে সরকার নির্ধারিত মূল্য পরিশোধপূর্বক যে কেউ স্যানিটেশন সামগ্রী (রিং-স্ল্যাব) মঞ্জুর থাকা পর্যন্ত ক্রয় করতে পারবেন।	কর্মদিবসে আনুমানিক ১-২ ঘণ্টা	রিং-১২৫/- প্রতিটি স্ল্যাব-২০০/- প্রতিটি	রিং-স্ল্যাব বিক্রয়- সংক্রান্ত অধিদপ্তরের আদেশপত্র	উপজেলা সহকারী/ উপ-সহকারী প্রকৌশলী	

২.২. নাগরিক-সেবার তথ্য সারণি								
ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাক্স/ আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে বর্ধ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ
৬	সহকারী/ উপ- সহকারী প্রকৌশলীর কার্যালয়	আপদকালীন সেবা	১. সহকারী প্রকৌশলী ২. উপ-সহকারী প্রকৌশলী ৩. নলকূপ মেকানিক	আপদকালীন (বন্যা, সাইক্লোনে ক্ষয়-ক্ষতির পরিমাণ নিরূপণ করে সরকারি নির্দেশনা মোতাবেক জরুরি ভিত্তিতে নিরাপদ পানি ও স্যানিটেশনের ব্যবস্থা করা হয়।	আপদকালীন সময়ে জরুরি ভিত্তিতে তাৎক্ষণিক	বিনামূল্যে	অধিদপ্তরের আদেশ/সরকারি নির্দেশাবলি	জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলী
৭	সহকারী/ উপ- সহকারী প্রকৌশলীর কার্যালয়	প্রশিক্ষণ	১. সহকারী প্রকৌশলী ২. উপ-সহকারী প্রকৌশলী	স্থানীয় সরকার, বেসরকারি সংস্থা, উদ্যোক্তা কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে প্রশিক্ষক প্রদান করা হয়। তাছাড়া নিরাপদ পানি এবং স্যানিটেশন সম্পর্কে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উঠান বৈঠক, ইউনিয়ন পরিষদের সভা ইত্যাদি আয়োজন করা হয়।	আনুমানিক ১০-১৫ কর্ম দিবসের মধ্যে	বিনামূল্যে	প্রশিক্ষণসংক্রান্ত পরিপত্র	জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলী







জনগণের দোরগোড়ায় সেবা  
Service @ Doorsteps

# অধ্যায় ৩

## নাগরিক সেবার বিবরণ-সংবলিত প্রোফাইল ও প্রসেস ম্যাপ:

- সেবা প্রোফাইল- সেবা গ্রহণের জন্য যেসব তথ্য জানা প্রয়োজন
- প্রসেস ম্যাপ- সেবা প্রদান প্রক্রিয়ার ধাপসমূহের রেখাচিত্র


### ৩. নাগরিক সেবার বিবরণ-সংবলিত প্রোফাইল ও প্রসেস ম্যাপ

৩.১ সেবার নাম: নিরাপদ পানির উৎস স্থাপন			
৩.১.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়	সহকারী/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস	কার্যাদেশ প্রদানের ৩ মাসের মধ্যে
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	জনগণকে উপজেলা চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যানের নিকট আবেদন করতে হয়। আবেদনগুলো সহকারী/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর নিকট প্রেরণ করা হয়। উপজেলা চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যানের মাধ্যমে প্রাপ্ত আবেদন সরজমিন পরিদর্শনপূর্বক খসড়া তালিকা প্রস্তুত করে ইউনিয়ন স্থান নির্বাচন কমিটির নিকট উপস্থাপন করা হয়। ইউনিয়ন স্থান নির্বাচন কমিটির অনুমোদনের পর উপজেলা ওয়াটশন কমিটিতে চূড়ান্ত অনুমোদনের পর সরকারি বরাদ্দ মোতাবেক চূড়ান্ত তালিকা ঠিকাদারের নিকট সরবরাহ করা হয়। সরবরাহকৃত তালিকা অনুযায়ী মালামাল সরবরাহ করে নলকূপ স্থাপনের কাজটি সম্পন্ন হয়।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	স্থান নির্বাচনসংক্রান্ত পরিপত্র		
প্রয়োজনীয় কাগজপত্র	১) আবেদনপত্র ২) টাকা জমাদানের রসিদ		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	উপকারভোগী কর্তৃক প্রদত্ত সহায়ক চাঁদা ১. অগভীর নলকূপ- ১০০০/- ২. তারা নলকূপ- ১৫০০/- ৩. রিং ওয়েল- ২০০০/- ৪. গভীর নলকূপ- ৪৫০০/- ৫. পিএসএফ- ৩০০০/- ৬. এসএসটি- ১৫০০/- ** সহায়ক চাঁদার পরিমাণ মোট মূল্যের ২০% হবে মর্মে বিবেচনাধীন		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	১. জাতীয় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন নীতিমালা-১৯৯৮ ২. জাতীয় আর্সেনিক নিরসন নীতিমালা ও বাস্তবায়ন পরিকল্পনা (NAMIP-২০০৪) ৩. Water Quality Standard for Bangladesh.		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলী		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	১. অতিরিক্ত চাহিদা দাখিল ২. যোগাযোগ সমস্যা	
	খ) সরকারি পর্যায়	সীমিত বরাদ্দ	
বিবিধ/অন্যান্য			
বি. দ্র. অত্র সেবা প্রোফাইল বুকে কাজের যে সময়সীমা ধরা হয়েছে তা আপেক্ষিক, ক্ষেত্রবিশেষে কম/বেশি সময় লাগতে পারে।			

### ৩.১.২ প্রসেস ম্যাপ

#### সেবার নাম: নিরাপদ পানির উৎস স্থাপন

ধাপ সংখ্যা: ২৬টি  
সম্পৃক্ত জনবল: ১১ জন  
সময়: কার্যাদেশ প্রদানের ৩ মাসের মধ্যে




৩.২ সেবার নাম: পানির গুণগতমান পরীক্ষা			
৩.২.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়	সহকারী/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল)/সিনিয়র কেমিস্ট	উপজেলা/আঞ্চলিক পরীক্ষাগার	১৭-২৩ দিন
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	পানির গুণগতমান পরীক্ষার জন্য সহকারী/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বরাবর আবেদন করতে হয়। আবেদনপ্রাপ্তির পর উপ-সহকারী প্রকৌশলী/নমুনা সংগ্রহকারী সংশ্লিষ্ট পাঠাগার/নলকূপ মেকানিক কর্তৃক সরজমিন পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ করে আঞ্চলিক পরীক্ষা কেন্দ্রে প্রেরণ করা হয়। সেখানে নমুনা পরীক্ষা করে উপজেলাতে রিপোর্ট পাঠিয়ে দেওয়া হয়। উক্ত রিপোর্টটি আবেদনকারীকে প্রদান করা হয়।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	পরিষ্কার পাত্রে পানির নমুনা নিয়ে আসতে হবে, আবেদনপত্রসহ প্রয়োজনীয় ফি প্রদানসাপেক্ষে সকল নাগরিক সেবাপ্রাপ্তিরযোগ্য		
প্রয়োজনীয় কাগজপত্র	১. আবেদনপত্র ২. টাকা জমাদানের রসিদ		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	ফিল্ড টেস্ট কিট বিনামূল্যে এবং ল্যাবরেটরি টেস্টের ক্ষেত্রে ৫০/- থেকে ১৫০০/- (প্রতি প্যারামিটারের জন্য এবং ফি পরীক্ষা করা হবে তার ওপর নির্ভরশীল		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	১. জাতীয় আর্সেনিক নিরসন নীতিমালা ও বাস্তবায়ন পরিকল্পনা (NAMIP-২০০৪) ২. Water Quality Standard for Bangladesh.		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলী		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	জনগণের মাঝে সচেতনতার অভাব	
	খ) সরকারি পর্যায়	সকল জেলায় পানি পরীক্ষাগার না থাকা	
বিবিধ/অন্যান্য			

### ৩.২.২ প্রসেস ম্যাপ

#### সেবার নাম: পানির গুণগতমান পরীক্ষা

ধাপ সংখ্যা: ১০টি  
সম্পৃক্ত জনবল: ৭ জন  
সময়: আনুমানিক ১৭-২৩ দিন




৩.৩ সেবার নাম: স্যানিটেশন সামগ্রী বিনামূল্যে বিতরণ			
৩.৩.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়	সহকারী/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল)	উপজেলা ও ইউনিয়ন উৎপাদন কেন্দ্র	আনুমানিক ৬০-৯০ দিন
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	স্যানিটেশন সামগ্রী প্রাপ্তির জন্য উপজেলার জনগণ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের নিকট আবেদন করেন। উপজেলা চেয়ারম্যান প্রাপ্ত আবেদনগুলো সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর নিকট প্রেরণ করেন। বরাদ্দসাপেক্ষে ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রাপ্ত তালিকা মোতাবেক হত-দরিদ্রদের মাঝে স্যানিটেশন সামগ্রী বিনামূল্যে বিতরণ করা হয়।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	হত-দরিদ্র জনগোষ্ঠী		
প্রয়োজনীয় কাগজপত্র	আবেদনপত্র		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	বিনামূল্যে		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	১. জাতীয় নিরাপদ খাবার পানি সরবরাহ ও স্যানিটেশন নীতি-১৯৯৮ ২. জাতীয় স্যানিটেশন কৌশলপত্র-২০০৫		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলী		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	সচেতনতার অভাবে প্রাপ্ত রিং-স্ল্যাব ফেলে রাখা	
	খ) সরকারি পর্যায়	সীমিত বরাদ্দ	
বিবিধ/অন্যান্য			

### ৩.৩.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: সেবার নাম: স্যানিটেশন সামগ্রী বিনামূল্যে বিতরণ

ধাপ সংখ্যা: ১১টি  
সম্পৃক্ত জনবল: ৭ জন  
সময়: আনুমানিক ৬০-৯০ দিন






৩.৪ সেবার নাম: নলকূপ মেরামতকরণ			
৩.৪.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়	নলকূপ মেকানিক	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস	আনুমানিক ৩০-৪৫ দিন
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	সরকারি নলকূপ মেরামতসংক্রান্ত অভিযোগপ্রাপ্তির পর সংশ্লিষ্ট নলকূপ মেকানিককে মেরামতের জন্য প্রেরণ এবং কারিগরি সহায়তা প্রদান। এক্ষেত্রে জনগণকে উপজেলা চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যানের নিকট আবেদন করতে হয়। আবেদনগুলো সহকারী/উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর নিকট প্রেরণ করা হয়। উপজেলা চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যানের মাধ্যমে প্রাপ্ত আবেদন অনুযায়ী মেকানিক মেরামতের জন্য সরাসরি নলকূপের নিকট চলে যান এবং মালামাল থাকাসাপেক্ষে নলকূপ মেরামতের ব্যবস্থা করেন।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	সরকারি নীতিমালা অনুযায়ী মেরামত সামগ্রী ক্রয়ের জন্য নির্ধারিত ফি প্রদানসাপেক্ষে সকল নাগরিক সেবাপ্রাপ্তিরযোগ্য		
প্রয়োজনীয় কাগজপত্র	আবেদনপত্র		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	প্রয়োজনীয় যন্ত্রাংশ ক্রয় করে দেওয়া/যন্ত্রাংশের মূল্য পরিশোধ করতে হবে		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	জাতীয় নিরাপদ খাবার পানি সরবরাহ ও স্যানিটেশন নীতি-১৯৯৮		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	সহকারী/উপ-সহকারী প্রকৌশলী		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	সচেতনতার অভাব	
	খ) সরকারি পর্যায়	প্রয়োজনীয় জনবলের অভাব	
বিবিধ/অন্যান্য			

### ৩.৪.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: নলকূপ মেরামতকরণ

ধাপ সংখ্যা: ১২টি  
সম্পূর্ণ জনবল: ৬ জন  
সময়: আনুমানিক ৩০-৪৫ দিন




৩.৫ সেবার নাম: স্যানিটেশন সামগ্রী (রিং-স্ল্যাব) বিক্রয়			
৩.৫.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়	অফিস সহকারী/ক্লার্ক কাম টাইপিষ্ট (সিসিটি)	উপজেলা কার্যালয়	আনুমানিক ১-২ ঘণ্টা
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরে গিয়ে সরকার নির্ধারিত মূল্য পরিশোধপূর্বক যে কেউ স্যানিটেশন সামগ্রী (রিং-স্ল্যাব) মওজুদ থাকা পর্যন্ত ক্রয় করতে পারবেন।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	প্রযোজ্য নয়		
প্রয়োজনীয় কাগজপত্র	প্রযোজ্য নয়		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	রিং- ১২৫/- টাকা প্রতিটি স্ল্যাব- ২০০/- টাকা প্রতিটি		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	রিং-স্ল্যাব বিক্রয়সংক্রান্ত অধিদপ্তরের আদেশপত্র		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	উপজেলা সহকারী/উপ-সহকারী প্রকৌশলী		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	১. অর্থাভাব ২. সচেতনতার অভাব	
	খ) সরকারি পর্যায়	সীমিত বরাদ্দ	
বিবিধ/অন্যান্য			

### ৩.৫.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: স্যানিটেশন সামগ্রী (রিং-স্ল্যাব) বিক্রয়

ধাপ সংখ্যা: ৩টি  
সম্পূর্ণ জনবল: ৪ জন  
সময়: আনুমানিক ১-২ ঘণ্টা




৩.৬ সেবার নাম: আপদকালীন সেবা			
৩.৬.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়	১. সহকারী প্রকৌশলী ২. উপ-সহকারী প্রকৌশলী ৩. নলকূপ মেকানিক	ইউনিয়ন পর্যায়	আপদকালীন সময়ে জরুরি ভিত্তিতে তাৎক্ষণিক
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	আপদকালীন (বন্যা, সাইক্লোন ইত্যাদি) সময়ে ক্ষয়-ক্ষতির পরিমাণ নিরূপণ করে সরকারি নির্দেশনা মোতাবেক জরুরি ভিত্তিতে নিরাপদ পানি ও স্যানিটেশনের ব্যবস্থা করা হয়।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	দপ্তরীয় আদেশ		
প্রয়োজনীয় কাগজপত্র	প্রযোজ্য নয়		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	বিনামূল্যে		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	অধিদপ্তরের আদেশ/সরকারি নির্দেশাবলি		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলী		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	চাহিদা মোতাবেক বরাদ্দ না পাওয়া	
	খ) সরকারি পর্যায়	প্রয়োজনীয় বরাদ্দ স্বল্পতা	
বিবিধ/অন্যান্য			

### ৩.৬.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: আপদকালীন সেবা

ধাপ সংখ্যা: ৫টি  
সম্পৃক্ত জনবল: ১১ জন  
সময়: তাৎক্ষণিক




জ:স্বা:প্র:অ: = জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
স:প্র: = সহকারী প্রকৌশলী  
উ:স:প্র: = উপ-সহকারী প্রকৌশলী

৩.৭ সেবার নাম: প্রশিক্ষণ			
৩.৭.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়	১. সহকারী প্রকৌশলী ২. উপ-সহকারী প্রকৌশলী	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	আনুমানিক ১০-১৫ দিন
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	স্থানীয় সরকার, বেসরকারি সংস্থা, উদ্যোক্তা কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে প্রশিক্ষক প্রদান করা হয়। তাছাড়া নিরাপদ পানি এবং স্যানিটেশন সম্পর্কে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উঠান বৈঠক, ইউনিয়ন পরিষদের সভা ইত্যাদি আয়োজন করা হয়। পরবর্তীতে কেয়ারটেকারগণকে নলকূপ স্থাপনের প্রশিক্ষণ প্রদান করা হয়।		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	প্রশিক্ষণসংক্রান্ত নীতিমালা		
প্রয়োজনীয় কাগজপত্র	আবেদন		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	বিনামূল্যে		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	প্রশিক্ষণসংক্রান্ত পরিপত্র		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলী		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	সচেতনতার অভাব	
	খ) সরকারি পর্যায়	প্রয়োজনীয় জনবলের অভাব	
বিবিধ/অন্যান্য			

### ৩.৭.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: প্রশিক্ষণ

ধাপ সংখ্যা: ৪টি  
সম্পৃক্ত জনবল: ৪ জন  
সময়: আনুমানিক ১০-১৫ দিন





## Acronyms and Abbreviations

### জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

AE	Assistant Engineer
DPHE	Department of Public Health Engineering
NAMIP	Nation Arsenic Mitigation Policy
NID Card	National Identity Card
SAE	Sub-Assistant Engineer
SE	Superintendent Engineer
SPS	Service Process Simplification
TIN	Tax Payer's Identification Number
UNO	Upazila Nirbahi Officer
UDC	Union Digital Center
VAT	Value Added Tax
WATSAN	Water & Sanitation
XEN	Executive Engineer
ইউপি	ইউনিয়ন পরিষদ
উ.সহ.প্র.	উপ-সহকারী প্রকৌশলী
এমআইএস	ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম
এসএসটি	শ্যালো শ্রাউড্রেড টিউবওয়েল
পিএসএফ	পন্ড, সেড, ফিল্টার
সহ. প্র.	সহকারী প্রকৌশলী



Process  
Start/End

Ovals mark represents the first step and the final step of the process  
ওভাল চিহ্নটি যেকোনো প্রক্রিয়া/প্রসেসের শুরু বা শেষ প্রদর্শনের জন্য ব্যবহৃত হয়।



Process Step

Squares/rectangles represent a particular step or activity in the process  
বর্গাকার/আয়তাকার চিহ্ন একটি সেবা প্রক্রিয়ার নির্দিষ্ট ধাপ/ক্রিয়া, কার্যকলাপের জন্য ব্যবহৃত হয়।



Decision

Diamonds show “yes-no” decision points  
ডায়ামন্ড চিহ্নটি একটি সেবা প্রক্রিয়ার সিদ্ধান্ত গ্রহণ ধাপ প্রদর্শনের জন্য ব্যবহৃত হয়।



Arrows show the flow, or movement, of the process from one step to the next  
তীর চিহ্নটি এক ধাপ থেকে পরবর্তী ধাপের প্রবাহ বা প্রক্রিয়ার দিক প্রদর্শনের জন্য ব্যবহৃত হয়।

P: Performer of the activity; a person, a group of persons, or a system  
একটি নির্দিষ্ট ধাপের ক্রিয়া/কার্য সম্পাদনকারী ব্যক্তি/ব্যক্তিবর্গকে বুঝানোর জন্য ব্যবহৃত হয়।

T: Activity turnaround time  
একটি নির্দিষ্ট ধাপের ক্রিয়া/কার্য সম্পাদন করতে যে সময় লাগে তা প্রদর্শনের জন্য ব্যবহৃত হয়।

জেলা/উপজেলা পর্যায়ে যে সকল দপ্তরের সেবা প্রোফাইল বুক প্রণয়ন করা হয়েছে তার তালিকা			
প্রোফাইল বুক কোড	অফিসের নাম	অধিদপ্তর/সংস্থার নাম	মন্ত্রণালয়/বিভাগের নাম
<b>উপজেলা পর্যায়ে দপ্তরসমূহ</b>			
১/৩৬	উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর	.....	মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়
২/৩৬	উপজেলা ভূমি অফিস	.....	ভূমি মন্ত্রণালয়
৩/৩৬	উপজেলা কৃষি অফিস	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	কৃষি মন্ত্রণালয়
৪/৩৬	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫/৩৬	উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	স্থানীয় সরকার বিভাগ
৬/৩৬	সার্কেল/থানা	পুলিশ হেড কোয়ার্টার্স	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৭/৩৬	উপজেলা মৎস্য অফিস	মৎস্য অধিদপ্তর	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৮/৩৬	উপজেলা প্রাণিসম্পদ অফিস	প্রাণিসম্পদ অধিদপ্তর	
৯/৩৬	উপজেলা সমাজসেবা কার্যালয়	সমাজসেবা অধিদফতর	সমাজকল্যাণ মন্ত্রণালয়
১০/৩৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়	মহিলা বিষয়ক অধিদপ্তর	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১১/৩৬	উপজেলা শিক্ষা অফিস	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
১২/৩৬	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	শিক্ষা মন্ত্রণালয়
১৩/৩৬	উপজেলা পরিবার পরিকল্পনা অফিস	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৪/৩৬	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১৫/৩৬	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস	খাদ্য অধিদপ্তর	খাদ্য মন্ত্রণালয়
১৬/৩৬	উপজেলা হিসাবরক্ষণ অফিস	কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস (সিজিএ)	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
১৭/৩৬	উপজেলা পল্লী উন্নয়ন অফিস	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	
১৮/৩৬	উপজেলা সমবায় অফিস	সমবায় অধিদপ্তর	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৯/৩৬	সহকারী/উপ-সহকারী প্রকৌশলী অফিস, জনস্বাস্থ্য	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	স্থানীয় সরকার বিভাগ
২০/৩৬	উপজেলা আনসার ও ডিডিপি কার্যালয়	বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২১/৩৬	উপজেলা পরিসংখ্যান অফিস	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২২/৩৬	উপজেলা যুব উন্নয়ন অফিস	যুব উন্নয়ন অধিদপ্তর	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
<b>জেলা পর্যায়ে দপ্তরসমূহ</b>			
২৩/৩৬	সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ	বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২৪/৩৬	আঞ্চলিক পাসপোর্ট অফিস	বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২৫/৩৬	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত	গণপূর্ত অধিদপ্তর	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
২৬/৩৬	নির্বাহী প্রকৌশলী, সওজ এর কার্যালয়	সড়ক ও জনপথ অধিদপ্তর	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২৭/৩৬	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বিদ্যুৎ	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	
২৮/৩৬	পল্লী বিদ্যুৎ সমিতি	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড	বিদ্যুৎ বিভাগ
২৯/৩৬	উপ-আঞ্চলিক কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩০/৩৬	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, বিডরিউডিবি	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	পানিসম্পদ মন্ত্রণালয়
৩১/৩৬	জেলা তথ্য অফিসারের কার্যালয়	গণযোগাযোগ অধিদপ্তর	তথ্য মন্ত্রণালয়
৩২/৩৬	জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৩৩/৩৬	শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন	শিল্প মন্ত্রণালয়
৩৪/৩৬	জেলা ক্রীড়া অফিস	ক্রীড়া পরিদপ্তর	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৩৫/৩৬	ইসলামিক ফাউন্ডেশন, জেলা কার্যালয়	ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
৩৬/৩৬	জেলা শিশু বিষয়ক কর্মকর্তার কার্যালয়	বাংলাদেশ শিশু একাডেমী	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৩৭/৩৭	নাগরিক সেবা তথ্য সারণি (৩৬টি অধিদপ্তর/সংস্থা)		



জনগণের দোরগোড়ায় সেবা  
Service @ Doorsteps

## এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়



মতামত প্রেরণ ও যোগাযোগ:

এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়  
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও  
ঢাকা-১২১৫

৮৮-০২-৫৮১৫৪১৭৬  
৮৮-০২-৯১৪৪৮৪৮  
৮৮-০২-৯১০২৩৯৯

৮৮-০২-৯১১২২৭৬

sps@a2i.pmo.gov.bd www.a2i.pmo.gov.bd

f /a2ibangladesh  
y /a2ibangladesh  
t /a2i\_bd